**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যের পাহাড়ী ভুমি ও জলবায়ুর সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে কৃষিতে উৎপাদন বৃদ্ধির কৌশল অবলম্বনের উপর গুরুত্ব দিতে পরামর্শ দিয়েছেন ।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু একটি পরিচ্ছন্ন, সুস্থ ও উন্নত ভারত গড়ার লক্ষ্যে দেশবাসীকে অঙ্গীকার করার আহ্বান জানিয়েছেন ।**

**(৩) ত্রিপুরা সৌরশক্তি ব্যবহারে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে তৃতীয় স্থান অধিকার করেছে ।**

**(৪) সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্যের শিশুদের সুস্বাস্থ্যের জন্য সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে ।**

**(৫) রাজ্যভিত্তিক স্কুল অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ৮টি ইভেন্টে স্বর্ন পদক লাভ করে ত্রিপুরা স্পোর্টস স্কুলের অ্যাথলিট-রা ।**

***********************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যের পাহাড়ী ভুমি ও জলবায়ুর সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে কৃষিতে উৎপাদন বৃদ্ধির কৌশল অবলম্বনের উপর গুরুত্ব দিতে পরামর্শ দিয়েছেন। আজ

লেম্বুছড়ায় মৎস্য মহাবিদ্যালয়ে আয়োজিত আঞ্চলিক কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলোর বার্ষিক কর্মশালার উদ্বোধনী ভাষনে রাজ্যপাল এই পরামর্শ দেন। তিনি বলেন, এই কাজে কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলোরও গুরুত্বপূর্ণ ভুমিকা থাকবে। তিনি কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলোকে স্থায়ী পেশাদারি কেন্দ্র হিসাবে গড়ে তোলার উপর গুরুত্ব দেন।

ভারতীয় কৃষি গবেষনা পর্ষদ (আইসিএআর), মেঘালয়ের উমিয়ামে স্থিত এগ্রিকালচার টেকনোলজি এপ্লিকেশান রিসার্চ ইনস্টিটিউট বা আটারি এবং ইম্ফলের কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত তিন দিনের এই আঞ্চলিক কর্মশালায় উত্তর পূর্বাঞ্চলের পাঁচ রাজ্য ও দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত কৃষিবীদ ও কৃষি আধিকারিকরা অংশগ্রহণ করেছেন।

কর্মশালায়, বক্তব্য রাখেন ইম্ফলের কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড: অনুপম মিশ্র, দক্ষিণ এশিয়া অঞ্চলের জন্য পশুবিজ্ঞান বিষয়ের বিশেষজ্ঞ ডঃ এইচ রহমান, নয়াদিল্লির আইসিএআর- এর প্রাক্তন এডিজি ডঃ পি চক্রবর্তী প্রমুখ।

*************************

**Swachha Bharat Abhiyaan-President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু একটি পরিচ্ছন্ন, সুস্থ ও উন্নত ভারত গড়ার লক্ষ্যে দেশবাসীকে অঙ্গীকার করার আহ্বান জানিয়েছেন। আজ মধ্যপ্রদেশের উজ্জয়িনীতে সাফাই মিত্র সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে রাষ্ট্রপতি এই আহ্বান জানান। তিনি বলেন, গত ১০ বছরে স্বচ্ছতা অভিযান দেশব্যাপী একটি অভিযানে পরিণত হয়েছে। স্বচ্ছতা ভারত মিশনের দ্বিতীয় পর্যায়ে, যা ২০২৫ সাল পর্যন্ত চলবে, তার মাধ্যমে সম্পূর্ণ পরিচ্ছন্নতার লক্ষ্য অর্জন করতে হবে। রাষ্ট্রপতি আজ উজ্জ্বয়ন এবং ইন্দোরের মধ্যে ছয় লেন মহাসড়ক নির্মাণের জন্য ভার্চুয়াল মাধ্যমে ভূমি পূজা করেন।

*******************************

**CM-Sulma Dongur Tuisoi waterfall :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ কমলপুরের সানাইয়া রিয়াং পাড়াতে সুলমা ডঙ্গুর তুইসুই ঝর্ণা ও নাকাশিপাড়ায় আয়ুষ্মান আরোগ্য মন্দিরের নতুন ভবনের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, ২০২৩-২৪ অর্থবর্ষে রাজ্যে ৪ লক্ষ ৭০ হাজার অন্তর্দেশীয় পর্যটক এসেছে। এছাড়া বিদেশি পর্যটক ত্রিপুরাতে এসেছে ৭৫ হাজার জন। এশিয়ান ডেভেলপমেন্ট প্রকল্পে ১৮০ কোটি টাকা ব্যয় করে ফটিক সাগর, অমর সাগর, নীরমহল, ছবিমুড়া প্রভৃতি পর্যটন কেন্দ্রগুলির উন্নয়ন করা হবে।

অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, ত্রিপুরার পর্যটনকে কিভাবে ভারতের পাশাপাশি বিদেশি পর্যটকদের কাছে আকৃষ্ট করা যায় তারজন্য ভবিষ্যতে পরিকল্পনা নিয়ে কাজ করা হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক স্বপ্না দাস পাল।

***************************

**Swarchata Rally-Santirbazar :**

পক্ষকালব্যাপী স্বচ্ছতাই সেবা কর্মসূচির অঙ্গ হিসাবে আজ শান্তিরবাজার  পুর পরিষদের উদ্যোগে শান্তিরবাজারে এক স্বচ্ছতা শোভাযাত্রা অনুষ্ঠিত হয়৷ শোভাযাত্রায় সানফ্লাওয়ার ইংলিশ মিডিয়াম স্কুল, শান্তিরবাজার মডেল দ্বাদশ স্কুল ও শান্তিরবাজার ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুলের ছাত্রছাত্রীরা, স্বসহায়ক দলের সদস্যারা ও পুর পরিষদের সাফাই কর্মীরা এবং পুর পরিষদের মুখ্য কার্য নির্বাহী আধিকারিক, মহকুমা শাসক মনোজ কুমার সাহা সহ কাউন্সিলরাও অংশ নেন।

*****************************

**Soswachata Hi Seva-Udaipur :**

"পক্ষকাল ব্যাপি স্বচ্ছতা হি সেবা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ সকালে  উদয়পুর রমেশ চৌমহনী বাজার এলাকায় সাফাই অভিযান অনুষ্ঠিত হয়। উদয়পুর পুর পরিষদ আয়োজিত এই সাফাই অভিযানে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, ওয়ার্ড কাউন্সিলরগণ। এর আগে উদয়পুর রাজর্ষি হল প্রাঙ্গন থেকে একটি ম্যারাথন দৌড় শুরু হয়। তা শেষ হয় উদয়পুর রমেশ চৌমুনিতে।

****************************

**PM on world Food India 2024 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ভারত খাদ্য ক্ষেত্রে নতুন চিন্তা ভাবনা, স্থিরতা এবং সুরক্ষার বিশ্ব মানদণ্ড স্থাপনে দৃঢ় অঙ্গীকার বদ্ধ। আজ নয়াদিল্লিতে আয়োজিত World Food India 2024 প্রদর্শনী উপলক্ষে এক ভিডিও বার্তায় তিনি বলেন, ভারতে এক জীবন্ত বিবিধ খাদ্য সংস্কৃতি রয়েছে। কৃষকরা এর মূল চালিকাশক্তি। সরকার কৃষক দের সহায়তার জন্য নতুন নীতি প্রনয়ন করছে বলে তিনি উল্লেখ করেন।

************************

**Rural Economy through Co-operative :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লিতে জাতীয় পর্যায়ের সম্মেলনে সমবায় মন্ত্রকের ১০০ দিনের মধ্যে নেওয়া একাধিক রূপান্তরমূলক উদ্যোগের উদ্বোধন করেন। সম্মেলনের মূল অধিবেশন চলাকালীন, শ্রী শাহ 'সহকার-সে-সমৃদ্ধি' থিমের অধীনে মন্ত্রণালয়ের ১০০ দিনের উদ্যোগের সূচনা করেন। তিনি দুই লক্ষ নতুন এম,পি,এ,সি,এস গঠন ও শশক্তিকরণ, প্রকল্পের অধীন নয় এমন গ্রাম বা পঞ্চায়েতগুলিতে প্রাথমিক দুগ্ধ ও মৎস্য সমবায় সমিতি এবং দ্বিতীয় পর্যায়ের শ্বেত বিপ্লব-এর স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর এবং সমবায়গুলির মধ্যে সহযোগিতার জন্য একটি মার্গদর্শিকা  চালু করেন।

****************************

**Modified scheme for Agro Residue :**

এনডিএ সরকারের তৃতীয় মেয়াদের প্রথম ১০০ দিনে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রকের সূত্রে জানানো হয়েছে যে, সম্প্রতি সরকার সংশোধিত-'প্রধানমন্ত্রী জৈব ইন্ধন বাতাবরন অনুকুল ফসল আওয়াশেশ নিবারন (PM-JI-VAN) যোজনা' অনুমোদন করেছে।

এই প্রকল্পের লক্ষ্য হল কৃষকদের তাদের কৃষি অবশিষ্টাংশের জন্য লাভজনক আয় প্রদান এবং পরিবেশ দূষণ মোকাবেলা করা।

মন্ত্রক আরও জানিয়েছে, যে প্রকল্পের সংশোধনের মাধ্যমে, উন্নত জৈব জ্বালানির জন্য আর্থিক সহায়তা পাওয়া যাবে এবং প্রকল্প প্রস্তাবে নতুন প্রযুক্তি এবং উদ্ভাবনকে অগ্রাধিকার দেওয়া হবে। এই প্রকল্প স্থানীয় কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে সাহায্য করবে এবং ভারতের শক্তি নিরাপত্তা এবং স্বনির্ভরতায় অবদান রাখবে বলেও উল্লেখ করা হয়েছে।

*************************

**Blood Donation-Ratan Chakraborty :**

প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদীর ৭৪তম জন্মদিন উপলক্ষে আজ খয়েরপুর যুব মোর্চার উদ্যোগে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক রতন চক্রবর্তী রক্তদানের মতো সেবামূলক কাজ এবং গাছ লাগিয়ে পরিবেশের ভারসাম্য বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। শিবিরে উপস্থিত ছিলেন যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ঝর্না রানী দাস।

***********************

**Carnival-Agartala :**

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার জানিয়েছেন, এবছর আগরতলা সিটি সেন্টারের পরিবর্তে তুলসীবতি স্কুলের সামনে থেকে মায়ের গমন অনুষ্ঠান শুরু হবে। অনুষ্ঠানটি হবে আগামী ১৪ই অক্টোবর। মায়ের গমনের প্রস্তাবিত এই স্থানটি আজ পরিদর্শন করেন মেয়র এবং কর্পোরেটর রত্না দত্ত, পুর নিগমের কমিশনার ডাঃ শৈলেশ কুমার যাদব, জেলা শাসক ডাঃ বিশাল কুমার, তথ্য ও সংস্কৃতি অধিকর্তা, বিম্বিসার ভট্টাচার্য, পশ্চিম জেলার ভারপ্রাপ্ত পুলিশ সুপার বিজয় দেববর্মা প্রমুখ।

এদিকে, মেয়র শ্রী মজুমদার জানান, পুজোর আগেই আগরতলা শহরকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হবে। পুর নিগমের প্রত্যেক ওয়ার্ড এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন করতে ইতিমধ্যেই নির্দেশ দেওয়া হয়েছে।

*************************

**Ratan lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ নয়াদিল্লি থেকে আকাশবাণী আগরতলার প্রতিনিধিকে জানিয়েছেন, ত্রিপুরা সৌরশক্তি ব্যবহারে উত্তর পূর্বাঞ্চলের মধ্যে তৃতীয় স্থান অধিকার করেছে। গত ১৭ই সেপ্টেম্বর গুজরাটের আমেদাবাদে আয়োজিত পুনর্নবীকরণ শক্তি সংক্রান্ত গ্লোবাল রিনিউয়েবল এনার্জি ইনভেস্টর্স মিট অ্যান্ড এক্সপো অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ এই পুরস্কার গ্রহণ করেছেন। ১৬ থেকে ১৮ই সেপ্টেম্বর পর্যন্ত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শ্রী মোদী। এই অনুষ্ঠানে ভাষণে বিদ্যুৎ মন্ত্রী শ্রী নাথ সৌরশক্তির ক্ষেত্রে রাজ্যে বিনিয়োগের জন্য বিনিয়োগকারীদের উদ্দেশে আহবান জানান। তিনি বলেন, ত্রিপুরা ইতিমধ্যে 'ত্রিপুরা অ্যানার্জি ভিশন ২০৩০' প্রস্তুত করে নিয়েছে। আগামী কিছুদিনের

মধ্যে ‘ত্রিপুরা রিনিউয়েবল এনার্জি পলিসিও’ প্রস্তুত হয়ে যাবে। সেই লক্ষ্যে কাজ শুরু হয়ে গেছে।

****************************

**7th Rastriya Poshan Maah :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায় বলেছেন, রাজ্যের শিশুরা শৈশবকাল থেকেই যাতে স্বাস্থ্যবান হয়, অপুষ্টি, রক্তাল্পতায় না ভোগে সেই লক্ষ্যে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে। আজ আগরতলা টাউনহলে আয়োজিত রাজ্যভিত্তিক সপ্তম রাষ্ট্রীয় পোষণ মাহ অনুষ্ঠানে উদ্বোধনী ভাষনে তিনি একথা বলেন। শ্রী রায় বলেন, এই উদ্দেশ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৮ সালের ৮ই মার্চ এই পোষণ মাহ অভিযান (জাতীয় পুষ্টি মিশন) -এর সূচনা করেন। বর্তমানে প্রতিবছর ১ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত রাষ্ট্রীয় পোষণ মাহ পালন করা হয়। তিনি বলেন, এবছর রাষ্ট্রীয় পোষণ মাহ-এর মূল থিম হলো রক্তাল্পতা, বৃদ্ধি পর্যবেক্ষণ, পরিপূরক খাদ্য খাওয়ানো, পোষণ ভি পড়াই ভি এবং সামগ্রিক পুষ্টি।

অনুষ্ঠানে আগরতলার পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার বলেন, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প গর্ভবতী মহিলা ও শিশুদের কাছে পৌঁছে দিচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা ও ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস। অনুষ্ঠানে ৫ জন গর্ভবতী মহিলা ও ৫ জন শিশুর হাতে পোষণ কিট তুলে দেওয়া হয়।

**************************

**BJP Meeting-Kumarghat :**

পশ্চিমবঙ্গের বরিষ্ঠ BJP নেতা তথা দলের প্রাক্তন সর্বভারতীয় সহ-সভাপতি দিলীপ ঘোষ আজ ঊনকোটি জেলার কুমারঘাটে দলীয় সদস্যতা অভিযান কর্মসূচিতে অংশ নেনে। কুমারঘাটের

গীতাঞ্জলি অডিটরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন বর্তমান কেন্দ্রীয় সরকারের আমলে বিশ্বের দরবারে ভারতের প্রভূত সম্মান বেড়েছে। আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন, শিল্প-বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক ভগবান চন্দ্র দাস ও দলের জেলা সভাপতি পবিত্র চন্দ্র দেবনাথ প্রমুখ।

*****************************

**CPIM Rally-South :**

সিপিআইএম দলের উদ্যোগে আজ বিলোনিয়া মহকুমার রাজনগরে এক বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিল শেষে পিআর বাড়ি থানার সামনে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন বিধায়ক দীপংকর সেন, প্রাক্তন বিধায়ক সুধন দাস, বাসুদেব মজুমদার ও সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ। সিপিআইএমের এক প্রতিনিধি দল পিআর বাড়ি থানার ওসির কাছে ডেপুটেশন প্রদান করে বাদল শীলের মৃত্যুর ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেফতারের দাবি জানান।

*****************************

**Journalist Union :**

ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের পক্ষ থেকে প্রতিনিধি দল আজ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সাক্ষাৎ করে সাংবাদিক সুদীপ দত্ত ভৌমিক ও শান্তনু ভৌমিকের হত্যাকাণ্ডের তদন্ত প্রক্রিয়া দ্রুত শেষ করার বিষয়ে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করেন। এই হত্যাকান্ড নিয়ে সিবিআই তদন্তে প্রতিনিধিদল রাজ্যপালের কাছে অসন্তোষ ব্যক্ত করেন। তারা এই বিষয়ে রাজ্যপালের হাতে একটি স্মারক লিপি তুলে দেন। ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের পক্ষে প্রতিনিধি দলে ছিলেন, সাজ্জাদ আলী, প্রণব সরকার, অলক ঘোষ, অভিষেক দে, জাকির হোসেন, শেষাদ্রী দাশগুপ্ত।

******************************

**School Athletics :**

রাজ্যভিত্তিক স্কুল অ্যাথলেটিক্স প্রতিযোগিতায় ত্রিপুরা স্পোর্টস স্কুল দাপট দেখাচ্ছে। আজ দ্বিতীয় দিনে পানিসাগরের শারীরশিক্ষা মহাবদ্যালয়ের ড: অরুনাভ রায় সিন্থিটিক ট্র্যাকে মোট ১৬টি ইভেন্টের পদকের লড়াই হয়। তাতে ৮টি ইভেন্টে স্বর্ন পদক পায় ত্রিপুরা স্পোর্টস স্কুলের অ্যাথলিট-রা। আগামীকাল এই আসর শেষ হবে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৭ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস।

*************************